



বাংলাদেশ ব্যাংক

প্রধান কার্যালয়
মতিবিল, ঢাকা-১০০০
বাংলাদেশ।
website: www.bb.org.bd

ফাইন্যান্স কোম্পানি প্রবিধি ও নীতি বিভাগ

এফসিআরপিডি সার্কুলার লেটার নং-১৬

১৭ আগস্ট ২০২৬

তারিখ: -----

০২ ভাদ্র ১৪৩৩

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তা
বাংলাদেশে কার্যরত সকল ফাইন্যান্স কোম্পানি

প্রিয় মহোদয়,

নীতি সহায়তা গ্রহণের ক্ষেত্রে গ্রাহক কর্তৃক দায়েরকৃত মামলা প্রত্যাহার প্রসঙ্গে

ক্ষতিগ্রস্ত ঋণগ্রহীতা প্রতিষ্ঠানের ব্যবসায় পুনর্গঠন, আর্থিক খাত প্রত্যাশিত অবস্থায় ফিরিয়ে আনা, কর্মসংস্থান সৃষ্টি এবং টেকসই অর্থনৈতিক প্রবৃদ্ধি অর্জনের লক্ষ্যে বাংলাদেশ ব্যাংক কর্তৃক ইতোমধ্যে বিভিন্ন উদ্যোগ গৃহীত হয়েছে। উক্ত উদ্যোগসমূহের আওতায় ফাইন্যান্স কোম্পানিসমূহের মাধ্যমে ঋণগ্রহীতাগণকে বিভিন্ন প্রণোদনা/নীতি সহায়তা প্রদান করা হচ্ছে। তথাপি লক্ষ্য করা যাচ্ছে যে, কোনো কোনো গ্রাহক একদিকে বাংলাদেশ ব্যাংক কর্তৃক প্রদত্ত প্রণোদনা/নীতি সহায়তা গ্রহণ করছে; অন্যদিকে সরকার, বাংলাদেশ ব্যাংক ও সংশ্লিষ্ট ফাইন্যান্স কোম্পানির বিরুদ্ধে রিট পিটিশনসহ অন্যান্য দায়েরকৃত মামলা অব্যাহত রাখছে, যা আর্থিক খাতে মামলাজট সৃষ্টি করছে।

২। বর্ণিত প্রেক্ষাপটে, দেশের ফাইন্যান্স কোম্পানিসমূহ সংশ্লিষ্ট মামলাজট নিরসনকল্পে আবেদনকারী/গ্রাহক কর্তৃক সরকার, বাংলাদেশ ব্যাংক ও সংশ্লিষ্ট ফাইন্যান্স কোম্পানির বিরুদ্ধে রিট পিটিশনসহ অন্যান্য দায়েরকৃত মামলা অনিশ্চপ্ন থাকলে তা প্রত্যাহার সাপেক্ষে সরকার তথা বাংলাদেশ ব্যাংক কর্তৃক ঘোষিত/ঘোষিতব্য প্রণোদনা প্যাকেজসহ অন্যান্য যে কোনো নীতি সহায়তা প্রদানের আবেদন বিবেচনা করতে হবে। তবে শর্ত থাকে যে,

২.১। গ্রাহকের আবেদন পর্যালোচনান্তে ফাইন্যান্স কোম্পানিসমূহ কর্তৃক প্রদত্ত নীতিগত সম্মতির (In-Principle Sanction Letter) প্রেক্ষিতে গ্রাহক মামলা প্রত্যাহারের ব্যবস্থা করবে। এক্ষেত্রে প্রত্যাহারকৃত মামলার তালিকাসহ গ্রাহক কর্তৃক একটি হলফনামা (Affidavit) দাখিল করতে হবে, যাতে “সরকার, বাংলাদেশ ব্যাংক ও সংশ্লিষ্ট ফাইন্যান্স কোম্পানির বিরুদ্ধে দায়েরকৃত কোনো মামলা অনিশ্চপ্ন নেই” মর্মে স্পষ্টভাবে উল্লেখ থাকতে হবে।

২.২। হলফনামা প্রাপ্তির পর ফাইন্যান্স কোম্পানিসমূহ কর্তৃক গ্রাহকের অনুকূলে প্রদেয় নীতি সহায়তা কিংবা প্রণোদনা শর্তের কোনরূপ পরিবর্তন করা যাবে না। ফাইন্যান্স কোম্পানিসমূহ কর্তৃক গ্রাহকের অনুকূলে প্রদত্ত নীতিগত সম্মতির আলোকে প্রণোদনা/নীতি সহায়তার বিষয়সমূহ বাস্তবায়িত হবে।

৩। ফাইন্যান্স কোম্পানি আইন, ২০২৩ এর ৪১ ধারায় প্রদত্ত ক্ষমতাবলে এ নির্দেশনা জারি করা হলো, যা অবিলম্বে কার্যকর হবে।

আপনাদের বিশ্বস্ত,

(আবুল কালাম আজাদ)

পরিচালক (এফসিআরপিডি)

ফোন: ৯৫৩০১৭৮